শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

GAZIPUR PALLI BIDYUT SAMITY-1.

ISO 9001:2015 CERTIFIED

সদর দপ্তর
চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৩৪
E-Mail:gazipbs@yahoo.com
web: pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০২.০০৮.২২. ৩৯০৯

তারিখঃ- ২২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ আগষ্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লাইন টেকনিশিয়ান পদে লোকবল নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | লাইন টেকনিশিয়ান (০২ টি) | (ক) এস,এস,সি বা সমমান পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইনক্রু হিসাবে মোট চাকুরীকাল নুন্যতম ১০ (দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(চ) লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ছ) পদোন্নতির ক্ষেত্রে চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।<br>(জ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে। |

**আবেদন করার পদ্ধতিঃ**

নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) স্বামীর নাম, (ঘ) মাতার নাম, (ঙ) যোগাযোগের ঠিকানা, (চ) স্থায়ী ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ায় প্রমাণপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণের ফটোকপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও সকল কাগজপত্র এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র সহ **আগামী ২০/০৮/২০২২ খ্রিঃ তারিখ, রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (গাজীপুর পবিস-১, চান্দনা, গাজীপুর)** স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত ) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবংএকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৩। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য 'চলতি দায়িত্বে' নিয়োগ দেওয়া হবে। 'চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪,৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যোনেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ, সর্বেশেষ ০৩ বছরের ভিতর কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১(এক) বৎসরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ বৎসরের ভিতর একবার গুরুদন্ড ও ০১ বার লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে, অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মকর্তা/কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। পদোন্নতির ক্ষেত্রে অত্র পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত, ২০১২) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৮। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সাকুর্লার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৯। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

08/2022

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

০১। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর , বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,---------------------পবিস-১/২/৩/৪।

০৩। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৪। ডিজিএম (সদর-কারিগরী/কাশিমপুর/কোনাবাড়ী/কালীগঞ্জ/ছায়াবিথী/বোর্ডবাজার/পূবাইল জোনাল অফিস), গাজীপুর পবিস-১ ।

০৫। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/প্রশাসন), গাজীপুর পবিস-১ ।

০৬। এজিএম (আইটি), গাজীপুর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

০৭। নোটিশ বোর্ড।

০৮। অফিস/মাস্টার কপি।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার